

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - রমাযানে যে যে কাজ করা রোযাদারের কর্তব্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তারাবীহর সময়

তারাবীহর নামায আদায় করার সময় হল, রমাযানের (চাঁদ দেখার রাত সহ) প্রত্যেক রাত্রে এশার ফরয় ও সুন্নত নামাযের পর বিত্র পড়ার আগে। অবশ্য শেষ রাত্রে ফজর উদয় হওয়ার আগে পর্যন্ত এর সময় বিস্থিণ। যেহেতু মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) প্রথম রাত্রে তার প্রথম ভাগে শুরু করে রাত্রের এক-তৃতীয়াংশ অতিবাহিত হওয়া পর্যন্ত নামায পড়েছিলেন। দ্বিতীয় রাত্রেও তার প্রথম ভাগে শুরু করে রাত্রের অর্ধেকাংশ অতিবাহিত হওয়া পর্যন্ত নামায পড়েছিলেন এবং তৃতীয় রাত্রে তার প্রথম ভাগে শুরু করে শেষ রাত অবধি নামায পড়েছিলেন।[1]

আর উমার (রাঃ) বলেন, 'রাতের প্রথম ভাগে নামায অপেক্ষা তার শেষ ভাগের নামাযই অধিক উত্তম।' অবশ্য লোকেরা তাঁর খেলাফতকালে রাত্রের প্রথম ভাগেই তারাবীহ পড়ত।[2]

ফুটনোট

[1] (সহীহ আবূ দাউদ ১২২৭, সহীহ তিরমিয়ী, আলবানী ৬৪৬, সহীহ নাসাঈ, আলবানী ১৫১৪, সহীহ ইবনে মাজাহ, আলবানী ১৩২৭নং)

[2] (বুখারী ২০১০নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4089

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন